

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 30-05-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

**CM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি নয়াদিল্লিতে রাজ্যের মুখ্যমন্ত্রীকে ত্রিপুরার উন্নয়নের গতি আরও বাড়ানোর আশ্বাস দিয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় সংবাদ মাধ্যমকে একথা জানিয়েছেন। তিনি জানান, আগামী ৫ জুন রাজ্য সফরে আসতে পারেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। সীমান্ত এলাকার পরিস্থিতি খতিয়ে দেখতে তিনি বিভিন্ন সীমান্ত অঞ্চলও পরিদর্শন করবেন। মুখ্যমন্ত্রী আরও জানান, সম্প্রতি নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে রাজ্যের উন্নয়ন সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এর মধ্যে ছিল জাতীয়

সড়ক সম্প্রসারণ, ডাবল লাইন রেলপথ, বন্দে ভারত ট্রেন চালু, ক্রীড়া ও পর্যটন পরিকাঠামোর উন্নয়ন এবং কর্মসংস্থান বৃদ্ধির বিষয়।

\*\*\*\*\*

### **NEET UG Exam :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী ২১ জুন নিট (ইউজি) পরীক্ষা গ্রহণের জন্য সমস্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পরীক্ষাটি যাতে সুষ্ঠু, নিরাপদ, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন হয়, সেজন্য জাতীয় পরীক্ষা সংস্থা (এনটিএ), জেলা প্রশাসন, ত্রিপুরা পুলিশ এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বয় রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন উচ্চ শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্রকুমার। তিনি জানান, রাজ্যে মোট দশটি কেন্দ্রে এই পরীক্ষা হবে, এরমধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় নয়টি। ধলাই জেলায় একটি সেন্টার রয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪,৭০০ জন। তিনি আরও জানান, প্রতিটি কেন্দ্রে পুলিশ মোতায়েন, বহুস্তরীয় তল্লাশি, সিসিটিভি নজরদারি, এনটিএ-নিযুক্ত পর্যবেক্ষক ও ক্লাইং স্কোয়াডের তদারকি, জ্যামার স্থাপন এবং গোপনীয় পরীক্ষাসামগ্রী নিরাপদে পরিবহন ও সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*

### **HIGHER EDUCATION :**

উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য রাজ্যের ২৯টি সরকারি ডিগ্রি কলেজে অনলাইনে স্নাতক স্তরের ভর্তি প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। চলবে আগামী ৭ই জুন রাত বারোটা পর্যন্ত। তিনি জানান, সামর্থ পোর্টালের মাধ্যমে চলবে এই ভর্তি প্রক্রিয়া। প্রথম মেধা তালিকা প্রকাশ করা হবে ১৯ জুন। প্রথম দফার ভর্তি চলবে ২২ ও ২৩ জুন। পরে শূন্য আসনের ভিত্তিতে ভর্তি সম্পন্ন হবে এবং চতুর্থ ও শেষ দফার ভর্তি অনুষ্ঠিত হবে ৪ থেকে ৬ জুলাই।

\*\*\*\*\*

### **Child Marriage :**

মোহনভোগ আর. ডি. ব্লকের পঞ্চায়েত সমিতি হলে গতকাল মেলাঘর আইসিডিএস বাল্যবিবাহ ও কিশোরী গর্ভধারণ প্রজেক্টের উদ্যোগে "মিশন বাৎসল্য, মিশন সংকল্প নির্মূলের একটি উদ্যোগ শীর্ষক একদিনের সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃস্বের ক্ষতিকর প্রভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং সমাজের সর্বস্তরের মানুষকে এ বিষয়ে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।

\*\*\*\*\*

### **Aids Control Society :**

খোয়াই জেলায় এইচআইভি এবং এইডস প্রতিরোধ ও আক্রান্তদের চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য ন্যাশনাল এইডস কন্ট্রোল প্রোগ্রামের অন্তর্গত একটি ফেসিলিটি ইন্টিগ্রেটেড অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি সেন্টার নামক নতুন সেন্টার চালু হয়। গতকাল খোয়াই জেলা হাসপাতালে এই নতুন সেন্টারের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় দত্ত। তিনি বলেন এই কেন্দ্রের মূল উদ্দেশ্য হলো এইচআইভি আক্রান্ত রোগীদের প্রয়োজনীয় ঔষধ প্রদান করা এবং তাদের নিরবিচ্ছিন্নভাবে চিকিৎসা ব্যবস্থার সাথে যুক্ত রাখা।

\*\*\*\*\*

### **Mock Drill :**

সদর মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১লা জুন বিকেল ৩টা ৩০ মিনিটে উমাকান্ত স্কুল মাঠে সিভিল ডিফেন্স এয়ার রেড/ ব্লকআউট শীর্ষক দুর্যোগ মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হবে। এনডিআরএফ, এসডিআরএফ, সিভিল ডিফেন্স, সিআরপিএফ, ফায়ার সার্ভিস, টিএসআর, ত্রিপুরা পুলিশ, স্বাস্থ্য দপ্তর, আগরতলা পুরনিগম, পূর্ত দপ্তর, আসাম রাইফেল, তথ্য ও

সংস্কৃতি দপ্তর, ক্রীড়া দপ্তর, আপদা মিত্র সহ বিভিন্ন সংস্থা আপদকালীন পরিস্থিতিতে উদ্ধার ও ত্রাণ কার্যের এই মহড়ায় অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*